সমকাল

তারিখ ... 30 OCT 2016 ...
পৃষ্ঠা ... কলাম ...

মতিঝিল আইডিয়াল

# মারধরের শিকার শিক্ষককে এবার সাসপেন্ড

■ সমকাল প্রতিবেদক

মতিঝিল আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজের বনশ্রী শাখার (দিবা) ইংরেজি বিভাগের শিক্ষক মল্লিক আমিরুল ইসলামকে সাময়িক বরখাস্ত করেছে স্কুল কর্তৃপক্ষ। গত শুক্রবার অধ্যক্ষ শাহানারা বেগমের কক্ষে কয়েকজন সহকর্মীর হাতে মারধরের শিকার হন বলে তিনি অভিযোগ করেন। ভুক্তভোগী শিক্ষক আমিরুল ঘটনার সুষ্ঠু তদন্ত ও বিচার দাবি করে স্কুলের সভাপতি ও শিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব মোল্লা জালালুদ্দিন বরাবর ■ পৃষ্ঠা ১৫ : কলাম ৪

# মারধরের শিকার শিক্ষককে

[শেষ পৃষ্ঠার পর]

লিখিত আবেদন জমা দিয়েছেন। এদিকে, শিক্ষক মারধরের ঘটনার তীব্র নিন্দা জানিয়ে অভিযুক্ত শিক্ষকদের শাস্তি দাবি করেছে অভিভাবক ঐক্য ফোরাম।

মল্লিক আমিরুল ইসলাম গতকাল শনিবার মুঠোফোনে সমকালকে বলেন, তাকে সাসপেন্ড করা হয়েছে মর্মে একটি চিঠি বাসায় নিয়ে গেলে তার স্ত্রী সেটি গ্রহণ করেননি। বর্তমানে তিনি ঢাকার একটি বেসরকারি হাসপাতালে চিকিৎসাধীন। স্কুলের সভাপতি বরাবর লিখিত চিঠিতে তিনি ওই দিনের ঘটনার প্রমাণ সংরক্ষণ করতে অধ্যক্ষের কক্ষে থাকা সিসি ক্যামেরার ফুটেজ যাতে নষ্ট না করা হয়, সে ব্যাপারে ব্যবস্থা নেওয়ারও আবেদন করেছেন। এ ব্যাপারে মতিঝিল থানায় করা জিডি প্রত্যাহারের জন্য তাকে বিভিন্নভাবে চাপ দেওয়া হচ্ছে বলে তিনি অভিযোগ করেন।

অধ্যক্ষ ড. শাহানারা বেগম সমকালকে বলেন, সহকর্মীদের সঙ্গে অসদাচরণ ও শৃঙ্খলাভঙ্গের দায়ে তাকে সাময়িক কর্মবিরতি দেওয়া হয়েছে; সাসপেন্ড করা হয়নি। গভর্নিং বডির সভাপতি ছাড়া বাকি সব সদস্য অনানুষ্ঠানিক সভায় উপস্থিত থেকে এ সিদ্ধান্ত নিয়েছেন। এ সময় আমিরুল ইসলামকে মারধরের অভিযোগ অস্বীকার করেন তিনি। অভিভাবক ঐক্য ফোরামের সভাপতি জিয়াউল কবির দুলু এ ঘটনার নিন্দা জানিয়ে শিক্ষা মন্ত্রণালয়ের উদ্যোগে এর তদন্ত করে জড়িত শিক্ষকদের শাস্তি দাবি করেন।